

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৪, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪শে ফেব্রুয়ারি, ২০০৯/১২ই ফাল্গুন, ১৪১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৪শে ফেব্রুয়ারি, ২০০৯ (১২ই ফাল্গুন, ১৪১৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০৯ সনের ১ নং আইন

২০০৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু সম্পূরক অর্থ মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০০৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু সম্পূরক অর্থ মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—(১) এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) (২০০৬-০৭ অর্থ বৎসর) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ১৬ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০০৬-০৭ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৪৯৮৬,৪১,০৪,০০০ টাকা প্রদান।—এই আইনের সহিত সংযুক্ত তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদি নির্বাহের উদ্দেশ্যে ২০০৭ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসর চলাকালীন সময়ে যেই সকল ব্যয় উক্ত বৎসরের

(১২৯৯)

মূল্য ৪ টাকা ৪.০০

অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ৫ এ উল্লিখিত চার হাজার নয়শত ছিয়াশি কোটি একচল্লিশ লক্ষ চার হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। নির্দিষ্টকরণ।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান ও ব্যয় নির্বাহ করিবার জন্য অনুমোদিত অর্থসমূহ ২০০৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কিছু অংশ সম্পর্কে তফসিলে উল্লিখিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইল।

৪। রহিতকরণ।—(১) সংযুক্ত তহবিল (সম্পূরক মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণ) অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১১নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত অধ্যাদেশের অধীনে কৃত বা গৃহীত ব্যবস্থাাদি এই আইনের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

তফসিল
(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	মন্ত্রণালয়/বিভাগ/কার্য ও উদ্দেশ্যসমূহ (হিসাবের প্রধান খাতসমূহ)	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	মঞ্জুরী দাবী (অন্যান্য ব্যয়)	মোট
১	২	৩	৪	৫
	অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়			
	০১ রাষ্ট্রপতির কার্যালয়	৪৮,৪৭	০	৪৮,৪৭
০১	০২ জাতীয় সংসদ	০	১,০০	১,০০
০২	০৩ প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয়	০	৯,৬১,৯৮	৯,৬১,৯৮
০৩	০৪ মন্ত্রিপরিষদ বিভাগ	০	৬,৪৬,০০	৬,৪৬,০০
০৪	০৬ নির্বাচন কমিশন সচিবালয়	০	৭,৪১,০০	৭,৪১,০০
০৫	০৭ সংস্থাপন মন্ত্রণালয়	০	৮০,২৬,০০	৮০,২৬,০০
০৬	০৮ সরকারী কর্ম কমিশন	০	৫,৩৩,০০	৫,৩৩,০০
০৭	০৯ অর্থ বিভাগ	০	৫,৫৬,০০	৫,৫৬,০০
	১০ অর্থ বিভাগ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়	১২,০১,৭৯	০	১২,০১,৭৯
০৮	১১ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	০	৩৮,৫৯,১৫	৩৮,৫৯,১৫
০৯	১৩ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	১৩৫,০০,০০	৯৫,২২,০৪	২৩০,২২,০৪

১	২	৩	৪	৫
১০	১৪ পরিকল্পনা বিভাগ	০	১৬,৭২,০৩	১৬,৭২,০৩
১৩	১৮ পররাষ্ট্র মন্ত্রণালয়	০	১,২৫,৮৭	১,২৫,৮৭
১৪	১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়	০	৮২৪,৭৫,০৭	৮২৪,৭৫,০৭
১৫	২১ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	০	১৬,৪০,৪০	১৬,৪০,৪০
১৬	২২ স্বরাষ্ট্র মন্ত্রণালয়	২,৫০	৭৫৮,১৭,৭৯	৭৫৮,২০,২৯
১৭	২৪ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	০	৭৪১,৩৯,৪৭	৭৪১,৩৯,৪৭
১৮	২৫ শিক্ষা মন্ত্রণালয়	০	৬০,৭৮,৭২	৬০,৭৮,৭২
১৯	২৬ বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	০	৩,৩৫,৬৮	৩,৩৫,৬৮
২০	২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	০	২৭৩,২৫,৪৫	২৭৩,২৫,৪৫
২১	২৯ সমাজকল্যাণ মন্ত্রণালয়	০	৪,৬৯,০৮	৪,৬৯,০৮
২২	৩০ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০	১৭,৫৩,৫৭	১৭,৫৩,৫৭
২৩	৩১ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	০	৫,১৯,৩৫	৫,১৯,৩৫
২৫	৩৩ তথ্য মন্ত্রণালয়	০	১৩,৩৮,৭৯	১৩,৩৮,৭৯
২৬	৩৪ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	০	৪,৮৪,৮৪	৪,৮৪,৮৪
২৭	৩৫ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	৩৫,৬৪,০১	৩৫,৬৪,০১
২৮	৩৬ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০	৮,১০,৩৯	৮,১০,৩৯
২৯	৩৭ স্থানীয় সরকার বিভাগ	০	৫৬৬,৯৩,৭৮	৫৬৬,৯৩,৭৮
৩০	৩৮ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	০	৫০,২৫,০০	৫০,২৫,০০
৩১	৩৯ শিল্প মন্ত্রণালয়	০	৭,৮৯,৫৮	৭,৮৯,৫৮
৩২	৪১ বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০	৪০,৯২,৪৪	৪০,৯২,৪৪
৩৩	৪২ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	০	১,২৬,৫৭	১,২৬,৫৭
৩৪	৪৩ কৃষি মন্ত্রণালয়	০	৪৬৪,১১,২১	৪৬৪,১১,২১
৩৬	৪৫ পরিবেশ ও বন মন্ত্রণালয়	০	১৯,৮৫,৮৯	১৯,৮৫,৮৯
৩৭	৪৬ ভূমি মন্ত্রণালয়	০	৪৪,৬৯,৩৮	৪৪,৬৯,৩৮
৩৯	৪৮ খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়	০	৪৫৭,৩৯,৫২	৪৫৭,৩৯,৫২
৪১	৫২ নৌ-পরিবহন মন্ত্রণালয়	০	৭,৩৮,৪৮	৭,৩৮,৪৮

১	২		৩	৪	৫
৪২	৫৩	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	০	২,৬৭,৯০	২,৬৭,৯০
৪৩	৫৪	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়	৯০,১৪,৬৮	০	৯০,১৪,৬৮
৪৪	৫৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	০	৪৮,২৬,২৭	৪৮,২৬,২৭
৪৫	৫৬	বিদ্যুৎ বিভাগ	০	৩০,৮৫	৩০,৮৫
	৬১	সুপ্রীম কোর্ট	২,৮০,০৫	০	২,৮০,০৫
		মোট সম্পূরক বরাদ্দ দাবী :	২৪০,৪৭,৪৯	৪৭৪৫,৯৩,৫৫	৪৯৮৬,৪১,০৪

আশফাক হামিদ
সচিব।